



## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১৪/২০১৫/১৩৬৪৪

তারিখ: ০৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

গভামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ গভামারা, উপজেলাঃ হাইমচর, জেলাঃ চাঁদপুর-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১১.১০.২০২৩ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

### শর্তসমূহ :

১. ফাজিল শ্রেণির শিক্ষার্থীদের ক্লাসমুখী করতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।
২. জরুরি ভিত্তিতে একজন কুরী নিয়োগ দিয়ে প্রত্যেক শ্রেণিতে সহীহ কুরআন তিলাওয়াত শিক্ষাদানের ব্যবস্থা করতে হবে।
৩. শিক্ষক সংকট নিরসনকল্পে প্রাতিষ্ঠানিক বেতনে শিক্ষক নিয়োগ দিয়ে শ্রেণি কার্যক্রম চালু রাখতে হবে।
৪. আরবি ও নাহ্ সরফের বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীদের আরবি ভীতি দূর করতে হবে।
৫. ইবতেদায়ী শ্রেণিতে মানসম্মত পাঠদানের মাধ্যমে শিক্ষার্থী বৃদ্ধি করতে হবে।
৬. প্রতিষ্ঠানের উদ্যোগে মূল কিতাব ক্রয় ও শিক্ষার্থীদের বিতরণ করে শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৭. যাবতীয় লেনদেন ফাইলনোটের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
৮. সকল ধরনের ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয় নীতিমালা অনুসরণ করতে হবে।
৯. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

*Handwritten signature* 20.12.2023

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

### অধ্যক্ষ

গভামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদ্রাসা

ডাকঘরঃ গভামারা, উপজেলাঃ হাইমচর, জেলাঃ চাঁদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-১৪/২০১৫/ ১৩৬৪৪

তারিখ: ০৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, গভামারা আবুবকর ছিদ্দিকী ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ গভামারা, উপজেলাঃ হাইমচর, জেলাঃ চাঁদপুর।
৭. অফিস নথি।

*Handwritten signature*

20.12.2023

(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮